

১) 'দুর্গাপূজা' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত :

- সূচনা
- দেবীর বর্ণনা
- পূজার পদ্ধতি
- পূজার আনন্দ
- উপসংহার



নমুনা অনুচ্ছেদ

বাঙালির শ্রেষ্ঠ উৎসব হল দুর্গাপূজা। শরৎকালে এই উৎসব হয় বলে একে শারদীয়া উৎসবও বলা হয়। দেবী দুর্গা দশভুজা, দশ হাতে দশটি অস্ত্র, তিনি ত্রিনয়না, তাঁর বাহন হল সিংহ, ত্রিশূল দিয়ে তিনি মহিষাসুরকে বধ করেন। দেবী দুর্গার ডানদিকে থাকেন লক্ষ্মী ও গণেশ আর বামদিকে থাকেন সরস্বতী ও কার্তিক। ষষ্ঠীতে হয় দেবীর বোধন তারপর সপ্তমী, অষ্টমী, নবমী এই তিনদিন মহা ধুমধামের সঙ্গে দেবী দুর্গার পূজা হয়। অষ্টমী ও নবমী তিথির মিলনক্ষেত্রে হয় সন্ধিপূজা তারপর দশমীর দিন মহাধুমধাম করে আলো দিয়ে সাজিয়ে শোভাযাত্রা করে সন্ধ্যায় দেবীর বিসর্জন হয়। এই সময় অফিস-আদালত, স্কুল, কলেজ সব ছুটি থাকে, অনেকে পূজার ছুটিতে বেড়াতে যায়, আবার প্রবাসী বাঙালিরা নিজের বাড়িতে ফিরে আসে, ঘরে ঘরে নতুন জামা কাপড় কেনার ধুম পড়ে যায়, নতুন ও সুন্দর জামা কাপড় পরে সকলে পূজামণ্ডপে যায়। ধনী-দরিদ্র সকলেই মেতে ওঠে পূজার আনন্দে। এই উৎসবে শুধু বাঙালিরাই নয়, অন্যান্য সম্প্রদায়ের লোকেরাও অংশগ্রহণ করে। বাঙালির কাছে শারদীয়া উৎসব খুবই আনন্দের।

Rita Das